তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ০৮/২০১৫

অভিযোগকারী ঃ জনাব মোঃ মাহাবুবুর রহমান
পিতা-মোঃ আব্দুল হাকিম খান
পশ্চিম বক্স নগর (পুষ্প লেন)
পোষ্ট-সারুলিয়া, ডেমরা
ঢাকা।

প্রতিপক্ষ ঃ ১। জনাব মোশারফ হোসেন
সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
দাউদকান্দি ১০ নং (উ:) ইউনিয়ন পরিষদ
দাউদকান্দি, কুমিল্লা।
২। **আবদুস সালাম**
চেয়ারম্যান
ও
আপীল কর্তৃপক্ষ (আরটিআই)
দাউদকান্দি ১০ নং (উ:) ইউনিয়ন পরিষদ
দাউদকান্দি, কুমিল্লা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ০৮-০৪-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব মোঃ মাহাবুবুর রহমান ২৩-১১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে জনাব বশির আহমেদ, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), দাউদকান্দি ১০ নং (উ:) ইউনিয়ন পরিষদ, দাউদকান্দি, কুমিল্লা বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ এর (১৫ ই নভেম্বর পর্যন্ত অর্থ বছরের ইউনিয়ন পরিষদের অধিনে নিম্নে বর্ণিত তথ্যাদি-

ক. **১% স্থাবর সম্পত্তি হস্তান্তর করের আওতায় প্রকল্পের নাম, প্রাক্কলন, কাজের বিল ও প্রদত্ত বিল পরিশোধের যাবতীয় তথ্যাদি।**
খ. **কাবিখা, কাবিটা, টিআর কমৃসূচীর আওতায় প্রকল্পের নাম, বরাদ্দকৃত টাকা, গম/চালের পরিমান, প্রাক্কলন, মাষ্টার রোল তালিকা, নথি ও প্রদত্ত বিল ও ভাউচার ও অন্যান্য তথ্যাদি।**
গ. **কর্মসৃজন প্রকল্পের নাম, বরাদ্দকৃত টাকা, মাষ্টার রোল তালিকা বিল ও ভাউচার সংক্রান্ত নথি।**
ঘ. **ইউনিয়ন পরিষদের অধিনে এলজিএসপি প্রকল্প সমূহের নাম, প্রাক্কলন, বিল পরিশোধের বিবরণ ও যাবতীয় তথ্য।**
ঙ. **সরকারী/বৈদেশিক সাহায্যপুষ্ট অনুদান ও রাজস্ব/নিজস্ব তহবিল দ্বারা উন্নয়ন কার্যক্রমের প্রকল্প, প্রাক্কলন, মাষ্টার রোল তালিকা, এডিপিসহ অন্যান্য তথ্য।**

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৩-১২-২০১৪ তারিখে জনাব মোঃ আব্দুস সালাম, চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), দাউদকান্দি ১০ নং (উ:) ইউনিয়ন পরিষদ, দাউদকান্দি, কুমিল্লা বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২০-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। পরবর্তীতে অনিবার্য কারণবশত শুনানীর তারিখ ১৮-০২-২০১৫ এর পরিবর্তে ২২-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি পুনরায় সমন জারী করা হয়।

(অ: পৃ: দ্র:)

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মাহাবুবুর রহমান হাজির। প্রতিপক্ষ জনাব বশির আহমেদ, প্রাক্তন সচিব, দাউদকান্দি ১০ নং (উঃ) ইউনিয়ন পরিষদ, দাউদকান্দি, কুমিল্লা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন। প্রতিপক্ষ তার বক্তব্যে উল্লেখ করেন যে তিনি বর্তমানে পিআরএল এ আছেন। প্রতিপক্ষ পিআরএল এ যাওয়ায় ১৮-০৩-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও বর্তমান দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

০৫। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মাহাবুবুর রহমান হাজির। কিন্তু দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গরহাজির। প্রতিপক্ষ গরহাজির থাকায় ০৮-০৪-২০১৫ তারিখ পুনরায় শুনানীর দিন ধার্য করে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের প্রতি সমন জারী করা হয়।

০৬। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মাহাবুবুর রহমান হাজির। প্রতিপক্ষ জনাব মোশারফ হোসেন, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), দাউদকান্দি ১০ নং (উঃ) ইউনিয়ন পরিষদ দাউদকান্দি, কুমিল্লা এবং আবদুস সালাম, চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), দাউদকান্দি ১০ নং (উঃ) ইউনিয়ন পরিষদ দাউদকান্দি, কুমিল্লা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৭। প্রতিপক্ষ সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, তিনি ১৮/০২/২০১৫ তারিখে যোগদান করেছেন। যোগদানের পর মায়ের অসুস্থতাজনিত কারণে ছুটিতে ছিলেন বিধায় অভিযোগকারীর তথ্য প্রাপ্তির আবেদনের বিষয়ে অবগত ছিলেন না। সমন পাবার পর বিষয়টি জানতে পেরেছেন এবং তথ্য সংগ্রহপূর্বক তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

০৮। প্রতিপক্ষ চেয়ারম্যান ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী প্রায় ৪ বছরের তথ্য চেয়েছেন, তথ্যের পরিমাণ অধিক হওয়ায় এবং ইউপি সচিবের মায়ের অসুস্থতাজনিত কারণে তিনি ছুটিতে থাকায় যথাসময়ে তথ্য সরবরাহ করা সম্ভব হয়নি। কমিশনের নির্দেশনা অনুযায়ী তিনি অভিযোগকারীর তথ্য সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

০৯। বিল ও ভাউচারের কপি প্রদানযোগ্য তথ্য না হওয়ায় এবং অবশিষ্ট তথ্য প্রদানযোগ্য হওয়ায় তা সরবরাহের জন্য কমিশন নির্দেশনা প্রদান করলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত অবশিষ্ট তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নতুন যোগদান করায় এবং তার মায়ের অসুস্থতাজনিত কারণে ছুটিতে থাকায় যথাসময়ে তথ্য সরবরাহ করতে পারেননি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত বিল ও ভাউচারের কপি ব্যতীত অবশিষ্ট তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

<u>সিদ্ধান্ত।</u>

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ২০-০৪-২০১৫ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত বিল ও ভাউচারের কপি ব্যতীত অবশিষ্ট তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), দাউদকান্দি ১০ নং (উ:) ইউনিয়ন পরিষদ দাউদকান্দি, কুমিল্লা -কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(মোহাম্মদ ফারুক)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[মিজান]